


গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহিলা বিষয়ক অধিদপ্তর  
মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়  
মহেশপুর, ঝিনাইদহ।

## আধুনিক দর্জি বিজ্ঞান কোর্সে প্রশিক্ষণার্থী ভর্তি বিজ্ঞপ্তি

মহিলা বিষয়ক অধিদপ্তর ঢাকা প্রধান দপ্তরের স্মারক নং-৩২.০১.০০০০.০০৬.২৫.০০১.১৩-১৯, তারিখ-১২/০৬/২০২৩ খ্রি. এর নির্দেশনা মোতাবেক উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, মহেশপুর, ঝিনাইদহ এর মহিলা প্রশিক্ষণ কেন্দ্রের আওতাধীন আধুনিক দর্জি বিজ্ঞান প্রশিক্ষণ কোর্সে দরিদ্র, অনগ্রসর, শিক্ষিত ও স্বল্প শিক্ষিত নারীর স্ব-কর্মসংস্থানের লক্ষ্যে ২০২৩-২০২৪ অর্থ বছরে ৩ (তিন) মাসের জন্য (জানুয়ারী/২০২৪ হতে মার্চ/২০২৪) ০৩ মাস মেয়াদে ৩০ (ত্রিশ) জন প্রশিক্ষণার্থী ভর্তি করা হবে। সে প্রেক্ষিতে অত্র অফিস হতে সরবরাহকৃত নির্ধারিত ফরমে নিম্ন লিখিত শর্ত সাপেক্ষে আগ্রহী মহিলাদের নিকট হতে দরখস্ত আহবান করা হচ্ছে।

### শর্তাবলী:

- ১। আবেদনকারীকে অবশ্যই মহেশপুর উপজেলার বাসিন্দা হতে হবে। দরিদ্র, অনগ্রসর, শিক্ষিত এবং স্বল্প শিক্ষিত হতে হবে।
- ২। প্রার্থী ন্যূনতম ৫ম শ্রেণী পাশ থাকতে হবে।
- ৩। আবেদনকারীর বয়স ১৬ থেকে ৪৫ বছরের মধ্যে হতে হবে।
- ৪। আবেদন পত্রের সাথে সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ২(দুই) কপি ছবি, জাতীয় ভোটার আইডি কার্ড /জন্ম নিবন্ধন, নাগরিকত্ব সনদের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।
- ৫। আবেদন পত্র আগামী ২৪/১২/২০২৩ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে পৌছাতে হবে। কোন অবস্থাতেই নির্ধারিত সময়ের পর বা অসম্পূর্ণ আবেদন পত্র গ্রহণ করা হবে না।
- ৬। আগামী ২৭/১২/২০২৩ খ্রি. তারিখ রোজ বুধবার সকাল ১১.০০ ঘটিকায় উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের কার্যালয়ে সাক্ষাৎকার গ্রহণ করা হবে। সাক্ষাৎকারের জন্য নতুন করে কোন চিঠি ইস্যু করা হবে না।
- ৭। প্রশিক্ষণ চলাকালীন সময় প্রশিক্ষণার্থীগণ সরকার কর্তৃক প্রদত্ত সুবিধা প্রাপ্তি সাপেক্ষে প্রশিক্ষণ ভাতা পাবেন।
- ৮। আবেদন পত্র ফরম সংগ্রহ, জমা ও সাক্ষাৎকারে উপস্থিত হবার জন্য কোন প্রকার ভ্রমন বা দৈনিক ভাতা প্রদান করা হবে না।

  
(মোছাঃ উম্মে ছালমা আক্তার)  
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা  
মহেশপুর, ঝিনাইদহ।

স্মারক নম্বরঃ ৩২.০১.০০০০.০০৬.২৫.০০১.১৭- ৬২

তারিখঃ ০৩/১২/২০২৩খ্রি.

### জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপিঃ

- ০১। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ০২। জেলা প্রশাসক, ঝিনাইদহ।
- ০৩। কর্মসূচি পরিচালক, “জীবিকায়নের জন্য মহিলাদের দক্ষতাভিত্তিক প্রশিক্ষণ” শীর্ষক কর্মসূচি, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ০৪। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঝিনাইদহ।
- ০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মহেশপুর, ঝিনাইদহ।
- ০৬। মেয়র, মহেশপুর পৌরসভা, মহেশপুর, ঝিনাইদহ।
- ০৭। উপজেলা নির্বাহী অফিসার, মহেশপুর, ঝিনাইদহ।
- ০৮। .....
- ০৯। চেয়ারম্যান.....ইউনিয়ন পরিষদ, মহেশপুর, ঝিনাইদহ।
- ১০। অত্র কার্যালয় সহ বিভিন্ন দপ্তরের নোটিশ বোর্ড।
- ১১। অফিস কপি